

**পদার্থ বিদ্যা দ্বিতীয় পত্র বাতিল:  
প্রশ্নপত্র ফাঁস বোধে আইন  
তৈরি হবে: প্রধানমন্ত্রী**

## আগস্টের মধ্যেই এইচএসসির বাকি পরীক্ষা

(স্টাফ রিপোর্টার)

প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান গতকাল সংসদকে জানান যে স্বর্গীয় এইচএসসি পরীক্ষা আগামী আগস্ট মাসের মধ্যেই শেষ করা হবে। পরীক্ষার তারিখ এক মাসের মধ্যেই ঘোষিত হবে। যে সকল বিষয়ে ইতিমধ্যে পরীক্ষা হয়েছে তার মধ্যে পদার্থ বিজ্ঞানের দ্বিতীয় পত্রই শূন্য বাতিল করা হয়েছে। অন্যান্য বিজ্ঞান-শাস্ত্রের প্রশ্নপত্র ফাঁস হওয়ার প্রধান পাওয়ার্ডার ঘরানি বলে সেগুলো বাতিল করা হয়নি।

বিরোধী দলের নেতা জনাব আসাদুজ্জামান খানের এইচএসসি পরীক্ষা সংক্রান্ত সোমবারের অভিযোগের জবাবে প্রধানমন্ত্রী সংসদকে এ তথ্য জানান।

প্রধানমন্ত্রী জানান যে মঙ্গলবার সরকারী ও বেসরকারী কলেজ অধ্য-

ক্ষয় নিয়ে এক বৈঠক করা হয়। উপরোক্ত সিদ্ধান্ত ও বৈঠকেই মেলা হয়।

তিনি বলেন যে পরীক্ষা নেয়ার ব্যাপারে নতুন আইন প্রণয়ন করা হচ্ছে। চলতি বাজেট সেখানেই পরীক্ষা সম্পর্কে পেমেন্ট করা হবে এবং তা পাস করানোর চেষ্টা হবে। এই আইনে পরীক্ষা পদ্ধতি বদলে যাবে। শূন্য তাই নতুন জলদপায়, প্রশ্নপত্র ফাঁস, কাল ইত্যাদি পরীক্ষা সংক্রান্ত অপরাধের জন্য শাস্তির ব্যবস্থা এই আইনে থাকবে।

প্রধানমন্ত্রী বলেন যে এক শ্রেণীর ছাত্রছাত্রী শিক্ষক ও অভিভাবকের নৈতিক চরিত্রের অধঃপতন হয়েছে। এছাড়া পরীক্ষা কেন্দ্রে বাইরে থেকে অন্তঃপ্রবেশ ঘটে যাতে সেখানে গন্ডামি উৎসাহ প্রদর্শন করা হয়। এই সব বন্ধ করার জন্য বাজেট অধিবেশনের পর এই ব্যাপারে আইন প্রণয়নের জন্য বিল আনা হবে।

পরীক্ষা পদ্ধতির পরিবর্তন প্রসঙ্গে তিনি বলেন প্রত্যেক বিষয়ে ২/৩ সেট প্রশ্নপত্র থাকবে। কোন সেট পরীক্ষার দিন ব্যবহার করা হবে সেটা গোপন রাখা হবে। এছাড়া প্রশ্নপত্র নতুন গোপনীয়তা রক্ষার ব্যাপারে বোর্ডের প্রতিনিধি, শিক্ষাবিদ নিয়ন্ত্রিত কমিটি ছাপার সময় উপস্থিত থাকবেন।